# মোংলা পোর্ট পৌরসভা কার্যালয়

**মোংলা, বাগেরহাট।**

স্থাপিত ঃ ১৯৭৫ খ্রিঃ

ফোন ঃ ০৪৬৫৮-৭৩৪৯৫, ফোন / ফ্যাক্স ঃ ০৪৬৫৮-৭৩৪৯০

e-mail: pourashavamongla@yahoo.com, Website: www.monglaportmunicipality.gov.bd


স্মারক নং মোপৌ/মাপ্রশা/৬৩(৭)/২৫—৬৯৪ তারিখ ঃ ০৯/১০/২৫

## "ইজারা দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১ সেপ্টেম্বর ২০১১খ্রি. তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১-৮৭০নং স্মারকে জারীকৃত ইজারা নীতিমালা এবং পৌর পরিষদের ৩০/০৯/২০২৫খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক বাগেরহাট জেলার মোংলা পোর্ট পৌরসভাধীন নিম্নবর্ণিত স্থাপনা বাংলা ১৪৩২ সালের (২১ কার্তিক হতে ৩০শে চৈত্র পর্যন্ত) ১৫৯ দিনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ইজারাদারের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

### বাংলা ১৪৩২ সনের অবশিষ্ট দিনগুলোর জন্য ইজারা যোগ্য স্থাপনা/মহলের তালিকা ঃ

| ক্রমিক নং | ইজারা প্রকল্প/স্থাপনার নাম | ১৫৯ দিনের জন্য সম্ভাব্য মূল্য | সিডিউলের মূল্য (অফেরত যোগ্য) |
|---|---|---|---|
| ০১ | মোংলা নদী পারাপার ০১নং পৌর যাত্রী ছাউনী ঘাটের সার্ভিস চার্জ আদায় | ১০,৭৭,৫৪৩.০০ | ২,৮০০.০০ |

### দরপত্র (সিডিউল) প্রাপ্তি এবং দাখিলের স্থান ও তারিখ ঃ

**দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান সমূহ ঃ** জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বাগেরহাট; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোংলা; মোংলা থানা; মোংলা পোর্ট পৌরসভার হিসাব শাখা হতে দরপত্র সিডিউলে উল্লেখিত তারিখে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) অফিস চলাকালীন সময় পর্যন্ত (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) দরপত্র সিডিউল ক্রয় করা যাবে। উল্লেখ্য, দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

**দরপত্র সিডিউল দাখিলের স্থান সমূহ ঃ** জেলা প্রশাসকের কার্যালয় (স্থানীয় সরকার শাখা), বাগেরহাট; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মোংলা; মোংলা থানা; মোংলা পোর্ট পৌরসভা কার্যালয়ে রক্ষিত সিডিউল বাক্সে দাখিল করা যাবে। একই দিন অপরাহ্নে বেলা ৩:০০ ঘটিকায় উপস্থিত দর দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য ও শর্তাবলী জানার জন্য আগ্রহী দরদাতাকে মোংলা পোর্ট পৌরসভা কার্যালয়ে সরাসরি যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

### দরপত্র ফরম বিক্রয়, দাখিল, খোলার সময়সূচী ঃ

| পর্যায়/দফা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র দাখিলের সময় | | দরপত্র খোলার সময় |
|---|---|---|---|---|---|
| | | | হতে | পর্যন্ত | |
| ১ম | ২০/১০/২০২৫খ্রি.<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২১/১০/২০২৫খ্রি. | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |
| ২য় | ২৭/১০/২০২৫খ্রি.<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৮/১০/২০২৫খ্রি. | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |
| ৩য় | ০৩/১১/২০২৫খ্রি.<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৪/১১/২০২৫খ্রি. | সকাল ১০.০০ টা | বেলা ১.০০ টা | বেলা ৩.০০ টা |

**১ম পর্যায়ে দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে, দরপত্রটি সম্পন্ন হয়েছে মর্মে পরবর্তী দফায় আর কোন দরপত্র গ্রহণ করা হবে না। ২য় পর্যায়ে দরপত্র পাওয়া গেলে এবং দাখিলকৃত দরপত্র অনুমোদিত হলে, দরপত্রটি সম্পন্ন হয়েছে মর্মে পরবর্তী দফায় আর কোন দরপত্র গ্রহণ করা হবে না।**

### শর্তাবলী ঃ

০১। বাংলা ১৪৩২ সালের (২১ কার্তিক হতে ৩০শে চৈত্র পর্যন্ত) ১৫৯ দিন মেয়াদের জন্য ইজারা প্রদান করা হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর নিম্নোক্ত হারে পে-অর্ডার (যে কোন তফশীল ব্যাংক হতে) প্রশাসক, মোংলা পোর্ট পৌরসভার অনুকূলে দরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে;

(ক) ইজারা মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা প্রদান করতে হবে (জামানতকৃত ৩০% টাকা হতে ২৫% টাকা ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% টাকা জামানত হিসেবে সংরক্ষিত থাকবে);

(খ) যার দরপত্র অনুমোদিত হবে তাকে লিখিতভাবে জানানো হবে। দরপত্র দাতা অবহিত হবার ০৭(সাত) দিনের মধ্যে দরপত্রে উল্লেখিত মূল্যে অবশিষ্ট ৭৫% টাকা পরিশোধ করতে হবে, অন্যথায় তার দরপত্র বাতিল সহ জামানত বাজেয়াপ্ত করা হবে;

(গ) অনুমোদন প্রাপ্ত দরপত্র দাতাকে অবহিত হওয়া ০৭(সাত) দিনের মধ্যে দরপত্রে উল্লেখিত ইজারা মূল্যের উপর ১৫% টাকা মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১০% আয়কর হিসাবে নির্ধারিত কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে চালানের কপি অত্রাফিসে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ইজারার অবশিষ্ট টাকা এবং আয়কর ও মূল্য সংযোজন কর জমাদানে ব্যর্থ হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে জামানত বাজেয়াপ্ত সহ ইজারা বাতিল বলে গণ্য হবে;

অপর পাতা দ্রষ্টব্য

# মোংলা পোর্ট পৌরসভা কার্যালয়
মোংলা, বাগেরহাট।
স্থাপিত ঃ ১৯৭৫ খ্রিঃ
ফোন ঃ ০৪৬৫৮-৭৩৪৯৫, ফোন / ফ্যাক্স ঃ ০৪৬৫৮-৭৩৪৯০
e-mail: pourashavamongla@yahoo.com, Website: www.monglaportmunicipality.gov.bd


স্মারক নং.............................. তারিখ ঃ

০৩। ইজারা মূল্যের সমুদয় অর্থ পরিশোধ করে ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ইজারাদার কর্তৃক নির্দিষ্ট ফরমে ৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে;

০৪। টোল আদায় যোগ্য স্থাপনার প্রাপ্ত ইজারাদার, অনুমোদিত টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে এবং উক্ত রেইট এর তালিকা জনসাধারণের জ্ঞাতার্থে দর্শনীয় স্থানে টাংগিয়ে রাখতে হবে;

০৫। ইজারা গ্রহীতা কোন ক্রমেই অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কার্যকলাপ বা চুক্তি পত্রের শর্ত লংঘন ধরা পরে, তবে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং পূনরায় ইজারা প্রদান করা হবে;

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও ইজারার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং দরপত্রের সঙ্গে সংযুক্ত সকল কাগজপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরপত্র দাতার স্বাক্ষর করতে হবে;

০৭। দরপত্রে দরপত্রদাতাকে উদ্বৃত্ত দরের টাকার পরিমাণ অংকে ও কথায় পরিষ্কার ভাবে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন রূপ কাটাকাটি, ঘষামাজা, ফ্লুইট ব্যবহার করলে দরপত্র বাতিল বলে গন্য হবে;

০৮। ইজারা গ্রহীতা যে সমস্ত মালামাল বুঝে নিবেন ইজারার মেয়াদ উর্ত্তীণের পর পরই যথাযথ ভাবে তা পৌরসভায় বুঝিয়ে দিতে হবে ;

০৯। বিদ্যুৎ বিলের জামানত বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার পাচঁশত) টাকা প্রদান করতে হবে। প্রতি মাসে বিদ্যুৎ বিল ইজারাদার পরিশোধ করবেন। বিদ্যুৎ বিল প্রতি মাসে পরিশোধ না করলে উক্ত জামানতের টাকা হতে বিদ্যুৎ বিলের টাকা কর্তন করা হবে। (যদি সংযোগ গ্রহণ করে থাকেন);

১০। স্থাপনা সমূহের পরিস্কার পরিছন্নতার যাবতীয় দায়দায়িত্ব ইজারা গ্রহীতার উপর বর্তাবে;

১১। খেয়াঘাটের ইজারাদারের নিজ দায়িত্বে ঘাট রক্ষণা-বেক্ষণ করতে হবে;

১২। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

১৩। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৪। উপরোক্ত শর্ত সমূহ পরিবর্তন, পরিবর্দ্ধন কিংবা দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা, কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে সংরক্ষণ করে।

০৬/১০/২৫

(শারমিন আক্তার সুমী)
উপজেলা নির্বাহী অফিসার, মোংলা
ও
প্রশাসক
মোংলা পোর্ট পৌরসভা
মোংলা, বাগেরহাট।

স্মারক নং-মোপৌ/সাশা/১৩(২)/২৫-১৯৪ (২৪) তারিখ ঃ ০৫/১০/২৫

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/বহুল প্রচারের লক্ষ্যে আপনার নোটিশ বোর্ডে দেয়ার জন্য কপি বিতরণ করা হলো।

১। জেলা প্রশাসক, বাগেরহাট।
দৃঃ আঃ ঃ উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট। **(সদয় অবগতি ও অত্রসাথ ১০ খানা দরপত্র ফরম প্রেরণ করা হলো, দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে দরপত্র বক্স স্থাপনের অনুরোধ সহ)**
২। পুলিশ সুপার, বাগেরহাট।
৩। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট। **(সদয় অবগতি ও অত্রসাথ ১০ খানা দরপত্র ফরম প্রেরণ করা হলো, দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে দরপত্র বক্স স্থাপনের অনুরোধ সহ)**
৪। সহকারী কমিশনার (ভূমি), মোংলা, বাগেরহাট।
৫। অফিসার ইনচার্জ, মোংলা থানা, মোংলা, বাগেরহাট। **(সদয় অবগতি ও অত্রসাথ ১০ খানা দরপত্র ফরম প্রেরণ করা হলো, দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে দরপত্র বক্স স্থাপনের অনুরোধ সহ)**
৬। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোংলা, বাগেরহাট।
৭। সাব রেজিষ্টার, মোংলা, বাগেরহাট।
৮। জনাব ....................................................................................দায়িত্ব প্রাপ্ত কাউন্সিলর (সকল), মোংলা পোর্ট পৌরসভা।
৯। সম্পাদক .................................................................................... তাকে বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে/৩ কলামে ১০ইঞ্চি আকারে ভিতরের পাতায় ১ (এক) বার প্রকাশ করে ৫ (পাঁচ) কপি পত্রিকা পৌরসভা কার্যালয় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১০। পোষ্ট মাষ্টার, মোংলা, বাগেরহাট।
১১। ইউনিয়ন ভূমি কর্মকর্তা, মোংলা, বাগেরহাট।
১২। জনাব ....................................................সাবেক ইজারাদার, মোংলা পোর্ট পৌরসভা।
১৩। জনাব ......................................পৌর ডিজিটাল সেন্টার, (ব্যাপক প্রচারের জন্য বলা হলো)।
১৪। নোটিশ বোর্ড।

০৬/১০/২৫

(শারমিন আক্তার সুমী)
প্রশাসক
মোংলা পোর্ট পৌরসভা
মোংলা, বাগেরহাট।



* নিয়মিত পৌরকর পরিশোধ করুন। * আপনার শিশুকে টীকা দিন। * শহর পরিচ্ছন্ন রাখুন। * আপনার শিশুকে স্কুলে পাঠান।